২৩|৩|২০০১

দৈনিক সংবাদ

তারিখ ঃ

### এইচএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে ১০ হাজার বহিষ্কার

# বিভিন্ন কেন্দ্রে হাঙ্গামা আগুন পুলিশের সঙ্গে সংঘর্ষ, আহত ২০০

**নিজস্ব বার্তা পরিবেশক ঃ** দেশব্যাপী বিভিন্ন কেন্দ্রে হাঙ্গামা, হামলা, মামলা, ভাঙচুর, অগ্নিসংযোগসহ চরম বিশৃঙ্খল পরিস্থিতির মধ্য দিয়ে গতকাল এইচএসসির ইংরেজি দ্বিতীয়পত্র পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। নকলের দাবিতে ও বহিষ্কার করার প্রতিবাদে ছাত্র, অভিভাবক ও তাদের সহযোগীদের সাথে অসংখ্য কেন্দ্রে এই ঘটনাগুলো ঘটে। গুলি, বোমা, টিয়ার গ্যাস, লাঠিচার্জ, ইটপাটকেল নিক্ষেপ ও অগ্নিসংযোগসহ বিভিন্ন অপ্রীতিকর ঘটনায় ৪ জন ম্যাজিস্ট্রেট, পুলিশ, শিক্ষকসহ আহত হয়েছে দুই শতাধিক। গ্রেফতার করা হয়েছে শতাধিক। ৩টি জননিরাপত্তা আইনে মামলাসহ বিভিন্ন থানায় মামলা হয়েছে ৭টি। জয়পুরহাটে ২ কেজি ওজনের বোমা উদ্ধার করা হয়েছে পরীক্ষা কেন্দ্র থেকে। পরীক্ষা কেন্দ্র বাতিল করা হয়েছে ৪টি। এছাড়া সারাদেশে বহিষ্কৃত হয়েছে ৯ সহস্রাধিক পরীক্ষার্থী।

বিভিন্ন জেলা ও থানা থেকে সংবাদ প্রতিনিধিদের দেয়া তথ্য অনুযায়ী রাজশাহী বিভাগে বহিষ্কৃত হয়েছে ৩ হাজার ৫শ ৯৬ জন। এর মধ্যে রাজশাহী জেলায় ৩শ ৭, চাঁপাইনবাবগঞ্জ ১শ ৩২, নাটোর ৯২, নওগাঁ ১শ ৭০, পাবনা ২শ ৫১, সিরাজগঞ্জ ৫শ ২৮, বগুড়া ২শ ২১, জয়পুরহাট ৫৩, রংপুর ৩শ ৬২, পঞ্চগড় ৯১, ঠাকুরগাঁও ৩শ ৬৫, গাইবান্ধা ৩শ ৩৪, কুড়িগ্রাম ১শ ২, নীলফামারী ১শ ৬৩, লালমনিরহাট ১শ ৪৫, দিনাজপুরে ২শ ৯০ জন।

যশোর বোর্ডে বহিষ্কৃত হয় ৮শ ৮ জন। এর মধ্যে কুষ্টিয়া ২শ ৭৩, যশোর ৬৭, সাতক্ষীরা ৫৭, মাগুরা ২৪, ঝিনাইদহ ১শ, বাগেরহাট ৫০, খুলনা ৭১, চুয়াডাঙ্গা ৮৯ এবং মেহেরপুরে ৪৮ জন।

এছাড়া বরিশাল বিভাগে ৪শ ৯৪ জন, সিলেটে ১শ ৫১ জন, ঢাকায় ১ হাজার ৮শ ৮১ জন বহিষ্কৃত হয়েছে।

**আক্কেলপুর সংবাদদাতা জানান ঃ** জয়পুরহাট জেলার আক্কেলপুরে মজিবর রহমান ডিগ্রি কলেজ কেন্দ্র থেকে পরীক্ষা শুরুর আগে প্রায় ২ কেজি ওজনের একটি বোমা উদ্ধার করা হয়েছে। সাদা প্লাস্টিক দিয়ে মোড়ানো বোমাটি উদ্ধার করে পুলিশ পানিতে ডুবিয়ে নিষ্ক্রিয় করে। বোমার খবর ছড়িয়ে পড়লে কেন্দ্রের বাইরে ও ভেতরে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

... বাইরে পাচারকালে গ্রেফতার হয়। তার বিরুদ্ধে থানায় ... পুরে হাজী মহসিন সরকারি কলেজ ... ক্ষা ঃ পঃ ২ কঃ ৬